

সর্বশেষ রাজনীতি বাংলাদেশ অপরাধ বিশ্ব বাণিজ্য মতামত খেলা বিনোদন চাকরি জীবনয  Eng 

 ছবি

 ভিডিও

 ভিডিও

ক্যাম্পাস

এপিইউবি সভাপতি ও মহাসচিবের সঙ্গে মতবিনিময় বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর জনসংযোগ কর্মকর্তাদের

নিজস্ব প্রতিবেদক ঢাকা



এপিইউবি সভাপতি মো. সবুর খান ও মহাসচিব ইশতিয়াক আবেদীনকে ফুলেল শুভেচ্ছা জানানো হচ্ছে ছবি: বিজ্ঞপ্তি

বাংলাদেশ বেসরকারি বিশ্ববিদ্যালয় সমিতির (এপিইউবি) সভাপতি ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ট্রাস্টিবোর্ডের চেয়ারম্যান মো. সবুর খান ও মহাসচিব আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বাংলাদেশের ট্রাস্টিবোর্ডের চেয়ারম্যান ইশতিয়াক আবেদীনের সঙ্গে মতবিনিময় করেছেন প্রাইভেট ইউনিভার্সিটি পাবলিক রিলেশনস অফিসার্স অ্যাসোসিয়েশনের নির্বাহী কমিটির সদস্যরা। সম্প্রতি রাজধানীর বনানীতে বাংলাদেশ বেসরকারি বিশ্ববিদ্যালয় সমিতির (এপিইউবি) স্থায়ী কার্যালয়ের সম্মেলনক্ষেত্রে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বাংলাদেশ বেসরকারি বিশ্ববিদ্যালয় সমিতির পরিচালক (জনসংযোগ) বেলাল আহমেদের সঞ্চালনায় মতবিনিময় সভায় বক্তব্য দেন প্রাইভেট ইউনিভার্সিটি পাবলিক রিলেশনস অফিসার্স অ্যাসোসিয়েশনের সভাপতি এক্সিম ব্যাংক কৃষি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মনিরুল ইসলাম রিন্টু, সাধারণ সম্পাদক ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির পরিচালক (জনসংযোগ) আবু সাদত, জ্যেষ্ঠ সহসভাপতি বিজিএমইএ ইউনিভার্সিটি অব ফ্যাশন টেকনোলজির পরিচালক (জনসংযোগ) মোহাম্মদ ইমতিয়াজ আহমেদ, সহসভাপতি আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশের পরিচালক (জনসংযোগ) আবু মিয়া আকন্দ তুহিন, যুগ্ম সাধারণ সম্পাদক ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির জ্যেষ্ঠ সহকারী পরিচালক (জনসংযোগ) মো. আনোয়ার হাবিব কাজল, অর্থ সম্পাদক ফারহিস্ট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির পরিচালক (জনসংযোগ) মামুন উল মতিন, সহ-অর্থ সম্পাদক প্রেসিডেন্সি

ইউনিভার্সিটির জনসংযোগ কর্মকর্তা জাহিদ হাসান, অফিস সেক্রেটারি নর্দান ইউনিভার্সিটির পরিচালক (জনসংযোগ) শেখ মাহাবুব, জনসংযোগ ও প্রশিক্ষণ সেক্রেটারি আইইউবিএটির পরিচালক (জনসংযোগ) আল আমিন সিকদার শিহাব, প্রচার সম্পাদক সোনারগাঁও ইউনিভার্সিটির জনসংযোগ কর্মকর্তা নাহিদ হাসান, সাহিত্য ও প্রকাশনা সেক্রেটারি বাংলাদেশ ইউনিভার্সিটি অব হেলথ সায়েন্সের জনসংযোগ কর্মকর্তা হাসিনা এনজেল ও কো-কালচারাল সেক্রেটারি এশিয়ান ইউনিভার্সিটির জনসংযোগ কর্মকর্তা বদিউর রহমান সোহেল।

অনুষ্ঠানে এপিইউবি সভাপতি মো. সবুর খান ও মহাসচিব ইশতিয়াক আবেদীনকে প্রাইভেট ইউনিভার্সিটি পাবলিক রিলেশনস অফিসার্স অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়। অ্যাসোসিয়েশনের স্মারক প্রকাশনা ‘সংযোগ’ তাঁদের হাতে তুলে দেওয়া হয়।

মতবিনিময় সভায় মো. সবুর খান বলেন, বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি সমুন্নত রাখতে, জনমত গঠনে গুরুত্বপূর্ণ কাজগুলো সম্পাদনে জনসংযোগ কর্মকর্তাদের ভূমিকা প্রশংসনীয়। একই সঙ্গে তিনি নেতিবাচক প্রচারের বিরুদ্ধে পেশাদারত্বের সঙ্গে সম্মিলিতভাবে সবার একসঙ্গে কথা বলার ওপর গুরুত্বারোপ করেন। দেশের বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো র‍্যাঙ্কিংয়ে অনেক ক্ষেত্রে পাবলিক বিশ্ববিদ্যালয়কে ছাড়িয়ে আন্তর্জাতিক পরিমণ্ডলে জায়গা করে নিচ্ছে। বেসরকারি বিশ্ববিদ্যালয়ের এসব সাফল্যগাথা গুরুত্বের সঙ্গে তুলে ধরতে তিনি জনসংযোগ কর্মকর্তাদের প্রতি আহ্বান জানান। বিজ্ঞপ্তি



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



 prothomalo.com

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো